# Unique

## BCS লিখিত বাংলা ও English Essay

# তথ্য-উপাত্ত

আমাদের অন্যান্য বইসমূহ-

**"Unique BCS Preliminary Digest",**

**"Unique Bank Focus Writing with Essay & Translation" এবং**

**"Unique BCS লিখিত বাংলাদেশ বিষয়াবলি", "Unique BCS নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন শর্ট সাজেশন"।**










Unique Publications

# বাংলাদেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি

## ১. অর্থনৈতিক প্রবৃদ্ধি

অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের ধারাবাহিকতায় ২০১৫-১৬ অর্থবছরে ৭ শতাংশ এবং ২০১৮-১৯ অর্থবছরে প্রবৃদ্ধি ৮ শতাংশ ছাড়িয়ে যায়। ২০১৮-১৯ অর্থবছরে প্রবৃদ্ধি দাঁড়ায় ৮.১৫ শতাংশ। কোভিড-১৯ মহামারি কারণে বিশ্ব অর্থনীতি স্থবির হয়ে পড়ে যা বাংলাদেশে অর্থনীতির উপরও ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলেছে। বিশ্ব অর্থনীতি করোনাভাইরাস মোকাবেলার প্রেক্ষাপটে বাংলাদেশ-এর অর্থনীতি ঘুরে দাঁড়াচ্ছে। অর্থনৈতিক সমীক্ষা-২০২১ মতে জিডিপি প্রবৃদ্ধি ৫.৪৭%। **আর বিবিএস-এর সাময়িক হিসাব অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৬.৯৪ শতাংশ।**




চিত্র: ২০১৪ থেকে ২০২১ অর্থবছর পর্যন্ত বাংলাদেশের বছরভিত্তিক জিডিপি প্রবৃদ্ধি

সূত্র: অর্থনৈতিক সমীক্ষা-২০২১




## ২. মাথাপিছু জিডিপি ও জাতীয় আয়

বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে চলতি বাজার মূল্যে জিডিপি'র আকার দাঁড়িয়েছে ৩০,১১,০৬৫ কোটি টাকা, যা পূর্ববর্তী ২০১৯-২০ অর্থবছরের চূড়ান্ত হিসাব অনুযায়ী ছিল ২৭,৩৯,৩৩২ কোটি টাকা। মার্কিন ডলারের ভিত্তিতে ২০১৯-২০ অর্থবছরে মাথাপিছু জিডিপি ছিল ১,৯৩০ মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছর হতে ১০২ মার্কিন ডলার বেশি। একই ভাবে ২০১৯-২০ অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় পূর্ববর্তী অর্থবছর হতে ১১৫ মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে ২,০২৪ মার্কিন ডলারে পৌঁছায়। ২০২০-২১ অর্থবছরের সাময়িক হিসাবে মাথাপিছু জিডিপি দাঁড়িয়েছে ২,০৯৭ মার্কিন ডলার, এক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরের তুলনায় বেড়েছে ১৬৭ মার্কিন ডলার। একই সময়ে মাথাপিছু জাতীয় আয় ২০৩ ডলার বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২,২২৭ মার্কিন ডলার। **বিবিএস অনুযায়ী বর্তমান মাথাপিছু জাতীয় আয় ২,৫৯১ মার্কিন ডলার।**




Source: অর্থনৈতিক সমীক্ষা ২০২১



### ৩. খাতভিত্তিক জিডিপি

**অর্থনৈতিক সমীক্ষা- ২০২১** অনুসারে, জিডিপি'তে ২০২০-২১ অর্থবছরে বৃহৎ কৃষি খাতের অবদান দাঁড়িয়েছে ১৩.৪৭ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১৩.৭৪ শতাংশ। সার্বিকভাবে ২০২০-২১ অর্থবছরে বৃহৎ শিল্প খাতের অবদান দাঁড়িয়েছে ৩৪.৯৯ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৩৪.৭৪ শতাংশ। ২০২০-২১ অর্থবছরে বৃহৎ সেবা খাতের অবদান দাঁড়িয়েছে ৫১.৫৩ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ৫১.৪৮ শতাংশ। **অন্যদিকে বিবিএস অনুযায়ী বর্তমানে জিডিপিতে খাতভিত্তিক অবদান: কৃষি ১২.০৭%; শিল্প ৩৬.০১%; সেবা ৫১.৯২%।**




চিত্র: জিডিপিতে বিভিন্ন খাতের অবদান




চিত্র: জিডিপিতে বিভিন্ন খাতের অবদান সূত্র: বিবিএস

### ৪. রপ্তানি

কোভিড-১৯ মহামারির বিরূপ প্রভাব মোকাবিলা করার পরে বাংলাদেশের বৈদেশিক বাণিজ্য ইতিবাচক ধারায় ফিরতে শুরু করেছে। ২০১৯-২০ অর্থবছরে মোট রপ্তানি আয়ের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১৬.৯৩ শতাংশ হ্রাস পেয়ে ৩৩,৬৭৪.০৯ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। ২০২০-২১ অর্থবছরে মোট রপ্তানি আয়ের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১৫.১০ শতাংশ বৃদ্ধি পেয়ে ৩৮,৭৫৮.৩১ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। এ সময়ে পণ্যভিত্তিক রপ্তানি আয়ের ক্ষেত্রে প্রায় সব পণ্য থেকে রপ্তানি আয় গত অর্থবছরের একই সময়ের তুলনায় বৃদ্ধি পেয়েছে।




রপ্তানি খাতে প্রণোদনা হিসেবে বেশ কিছু পদক্ষেপ সরকার গ্রহণ করেছে। ইতোমধ্যে রপ্তানি উন্নয়ন ফান্ড এর আকার ৩৫০ মিলিয়ন মার্কিন ডলার থেকে বাড়িয়ে ৫০০ মিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করা হয়েছে এবং দেশের প্রানিবৃদ্ধি এবং পণ্য রপ্তানিতে রপ্তানিকারকগণকে উৎসাহ প্রদানের লক্ষ্যে রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান করা হচ্ছে এবং নতুন নতুন পণ্যে এ সুবিধা সম্প্রসারণ করা হচ্ছে।



### ৫. আমদানি

গত ২০১৯-২০ অর্থবছরে মোট আমদানি ব্যয়ের পরিমাণ ছিল ৫৪,৭৮৪.৭ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় ৮.৫৬ শতাংশ কম। ২০২০-২১ অর্থবছরে আমদানি ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৬৫,৫৯৪.৭ মিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১৯.৭৩ শতাংশ বেশি। ২০২০-২১ অর্থবছরের জুলাই-ফেব্রুয়ারি পর্যন্ত। দেশের আমদানি ক্ষেত্রে চীন শীর্ষে রয়েছে। এ সময়ে মোট আমদানি ব্যয়ের ২৫.৯১ শতাংশ চীন থেকে আমদানি করা হয়েছে। দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে ভারত ও জাপান।

### ৬. মূল্যস্ফীতি

২০১৯-২০ অর্থবছরে মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ৫.৬৫ শতাংশ, যা লক্ষ্যমাত্রার (৫.৫%) এর তুলনায় সামান্য বেশি। এক্ষেত্রে খাদ্য মূল্যস্ফীতি ৫.৫৬ শতাংশ এবং খাদ্য-বহির্ভূত মূল্যস্ফীতি ৫.৮৫ শতাংশ। করোনাভাইরাসের কারণে অর্থনীতিতে স্থবিরতা সৃষ্টি হলেও খাদ্য উৎপাদন এবং সরবরাহ চেইন নির্বিঘ্ন রাখার ফলে ২০২০-২১ অর্থবছরে মূল্যস্ফীতি দাঁড়ায় ৫.৫৬ শতাংশ যা লক্ষ্যমাত্রার (৫.৪%) চেয়ে সামান্য বেশি।




### ৭. বৈদেশিক কর্মসংস্থান ও প্রবাস আয়




বৈশ্বিক মহামারির কারণে বৈদেশিক কর্মস্থানে প্রতিকূল পরিস্থিতি বিরাজ করছে। কোভিড-১৯ মহামারির সময়ে ২০২০-২১ অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি, ২০২১) দেশের শ্রমশক্তি রপ্তানির সংখ্যা দাঁড়িয়েছে ১.২২ লক্ষ।

২০১৯-২০ অর্থবছরে রেমিট্যান্স প্রবাহের পরিমাণ দাঁড়ায় ১৮,২০৫.০১ মিলিয়ন মার্কিন ডলার যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১০.৮৭ শতাংশ বেশি। ২০২০-২১ অর্থবছরে প্রবাসী বাংলাদেশিদের প্রেরিত অর্থের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরের তুলনায় উল্লেখযোগ্য হারে (৩৬.১০%) বৃদ্ধি পেয়ে ২৪,৭৭৭.৭২ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। প্রবাসীদের প্রেরিত অর্থের সিংহভাগই আসে মধ্যপ্রাচ্যের দেশসমূহ থেকে।

### ৮. বৈদেশিক মুদ্রার রিজার্ভ




বৈদেশিক লেনদেনের সার্বিক ভারসাম্যে উদ্বৃত্ত থাকায় বৈদেশিক মুদ্রার স্থিতির পরিমাণ বৃদ্ধি পেয়েছে। ৩০ জুন ২০২০ তারিখে বৈদেশিক মুদ্রার স্থিতির পরিমাণ দাঁড়ায় ৩৬.০৪ বিলিয়ন মার্কিন ডলার। ৩০ জুন ২০১৯ এ রিজার্ভ ছিল ৩২.৭২ বিলিয়ন মার্কিন ডলার। উল্লেখ্য, সম্প্রতি এ রিজার্ভ রেকর্ড পরিমাণ বেড়ে ৩১ ডিসেম্বর ২০২১ এ দাঁড়িয়েছে ৪৬.১৩ বিলিয়ন মার্কিন ডলার।

### ৯. এফ ডি আই

বাংলাদেশের FDI (Foreign Direct Investment) ২০১৮-১৯ অর্থবছরে ৩.৬১ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে, যা পূর্বের অর্থবছরের চেয়ে ৫১% বেশি। ২০১৭-১৮ অর্থবছরে FDI ছিল ২.১৫ বিলিয়ন মার্কিন ডলার। ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশে ৮.৩৭ বিলিয়ন মার্কিন ডলার FDI এসেছে। ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশের FDI (Foreign Direct Investment) দাড়িয়েছে ২.৫৬ বিলিয়ন মার্কিন ডলার।



## ১০. দারিদ্র্যের হার

গত এক দশকে সরকারের ঐকান্তিক প্রচেষ্টা এবং সরকারি, বেসরকারি বহুবিধ উন্নয়ন কর্মকাণ্ডের সঠিক ও কার্যকর বাস্তবায়নের ফলে বাংলাদেশ দারিদ্র্য বিমোচনে প্রভূত উন্নতি সাধন করেছে। সর্বশেষ খানা আয় ও ব্যয় জরিপ, ২০১৬ অনুযায়ী দারিদ্র্যের হার ২০০৫ সালের ৪০.০ শতাংশ থেকে হ্রাস পেয়ে ২০১৬ সালে ২৩.৩ শতাংশে দাঁড়িয়েছে। বিবিএস এর সর্বশেষ প্রক্ষেপণ অনুযায়ী ২০১৯ সালে উচ্চ দারিদ্র্য রেখা অনুযায়ী দারিদ্র্য হার ২০.৫ শতাংশ এবং নিম্ন দারিদ্র্য রেখা অনুযায়ী দারিদ্র্য হার ১০.৫ শতাংশ।




অর্থনৈতিক সমীক্ষা ২০২১

## ১১. শিক্ষাখাত

▪ **প্রাথমিক পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তি**

| বছর | মোট | ছাত্র (%) | ছাত্রী (%) | নীট ভর্তির হার (%) |
|---|---|---|---|---|
| ২০১০ | ১৬৯.৫৮ | ৮৩.৯৫ (৪৯.৫০) | ৮৫.৬৩ (৫০.৫০) | ৯৪.৮ |
| ২০২০ | ২১৫.৫১ | ১০৫.৬০ (৪৯.০০) | ১০৯.৯১ (৫১.০০) | ৯৭.৮১ |

**উৎসঃ** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

▪ **বছরওয়ারি ছাত্র-ছাত্রী ঝরে পড়ার হারঃ**

আর্থ-সামাজিক নানাবিধ কারণে অনেক শিক্ষার্থীকেই প্রাথমিক পর্যায়ের শিক্ষা শেষ না করেই বিদ্যালয় ত্যাগ করতে দেখা যেতে তবে সরকারের নেয়া নানা বাস্তবমুখী কর্মসূচির ফলে ছাত্র-ছাত্রী ঝরে পড়ার হার ক্রমাগত হ্রাস পাচ্ছে।

| বছর | ২০১০ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ |
|---|---|---|---|---|---|---|
| মোট ঝরে পড়ার হার (%) | ৩৯.৮ | ১৯.২ | ১৮.৮ | ১৮.৬ | ১৭.৯ | ১৭.২ |

**উৎসঃ** Annual Primary School Census-2021, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

## ১২. স্বাস্থ্যখাত

করোনা মহামারির এ ক্রান্তিকালে সরকার স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাতের উন্নয়নের মাধ্যমে সকল নাগরিকের জন্য সুলভে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার প্রচেষ্টা আরো জোরদার করেছে। স্বাস্থ্যখাতে বিভিন্ন কার্যক্রম গ্রহণের ফলে এ খাতে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। সরকারের সময়োচিত পদক্ষেপ গ্রহণের ফলে প্রজনন হার ও মৃত্যু হার হ্রাস, গড় আয়ু বৃদ্ধিসহ নবজাত শিশু ও মাতৃ-মৃত্যু হার হ্রাসে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। সরকারের গৃহীত স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা কর্মসূচিসমূহের কারণে স্বাস্থ্য সেবার বিস্তার ও গুনগত মান উন্নয়ন হয়েছে এবং সংক্রামক ব্যাধিসমূহ নিয়ন্ত্রণে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। এছাড়া, খাদ্য নিরাপত্তা ব্যবস্থার উন্নয়ন, নারী শিক্ষার প্রসার ইত্যাদি কারণে জনগণের জীবন যাত্রার মান উন্নত হয়েছে এবং প্রত্যাশিত গড় আয়ুষ্কালও বেড়েছে।

| সূচকসমূহ | ২০১৩ | ২০১৫ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ | ২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রত্যাশিত গড় আয়ুকাল (বছরে) | ৭০.৪ | ৭০.৯ | ৭১.৬ | ৭২ | ৭২.৩ | ৭২.৬ | ৭২.৮ | ৭২.৮ |
| শিশু মৃত্যুহার (নবজাতক, <১ বছর, প্রতি হাজারে) | ৩১ | ২৯ | ২৮ | ২৪ | ২২ | ২১ | ২১ | ২১ |
| শিশু মৃত্যুহার (৫ বছরের নিম্নে, প্রতি হাজারে) | ৪১ | ৩৬ | ৩৫ | ৩১ | ২৯ | ২৮ | ২৮ | ২৮ |
| মাতৃমৃত্যু অনুপাত (প্রতি হাজার জীবিত জন্ম শিশু) | ২.০৩ | ১.৯৩ | ১.৮১ | ১.৭২ | ১.৬৯ | ১.৬৫ | ১.৬৩ | ১.৭৩ |

উৎসঃ Report on Bangladesh Sample Vital Registration System-2020

## ১৩. সামাজিক নিরাপত্তাঃ

Please join our Group: **Unique BCS Bank & Other Job Preparation**

বিগত ৩ অর্থবছরে সামাজিক নিরাপত্তা খাতে বরাদ্দের উত্তরোত্তর প্রবৃদ্ধি হয়েছে-

| অর্থবছর | বরাদ্দকৃত অর্থের পরিমাণ | মোট বাজেট/সংশোধিত বাজেটের শতাংশ | মোট সুবিধাভোগীর সংখ্যা |
|---|---|---|---|
| ২০২১-২২ | ১ লক্ষ ৭ হাজার টাকা ৬১৪ কোটি টাকা | ১৭.৮৩% | প্রায় ১ কোটি ৩০ লক্ষ |
| ২০২০-২১ | ৯৫ হাজার ৬৮৩ কোটি টাকা | ১৭.৭৫% | ১ কোটি ১৮ লক্ষ ৫৫ হাজার |
| ২০১৯-২০ | ৮১ হাজার ৮৬৫ কোটি টাকা | ১৪.২১% | ১ কোটি ১৩ লক্ষ |
| ২০১৮-১৯ | ৬৪ হাজার ৪০৪ কোটি টাকা | ১৩.৮১% | ৯৭ লক্ষ |

- **সামাজিক নিরাপত্তার আওতায় ভাতাভোগীর সংখ্যা বৃদ্ধি**

| শ্রেণি | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
|---|---|---|---|---|
| বয়স্ক ভাতা | ৪০ লক্ষ | ৪৪ লক্ষ | ৪৭ লক্ষ | ৪৯ লক্ষ |
| বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা | ১৪ লক্ষ | ১৭ লক্ষ | ২০ লক্ষ | ২০.৫ লক্ষ |
| অসচ্ছল প্রতিবন্ধী | ১০ লক্ষ | ১৫ লক্ষ ৪৫ হাজার | ১৮ লক্ষ | ১৮ লক্ষ |
| প্রতিবন্ধী ছাত্র-ছাত্রী উপবৃত্তি | ৯০ হাজার | ১ লক্ষ | ১ লক্ষ | ১ লক্ষ |

**চিত্র: সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগীর সংখ্যা বৃদ্ধি**

**সূত্র: অর্থনৈতিক সমীক্ষা ২০২১**

## বিগত ৫ বছরের বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার তুলনা (চিত্রগত ও ছক আকারে উপস্থাপন)

*বি:দ্র:- তথ্য/ডেটা ও উপাত্তের পার্থক্যের কারণ উৎসের ভিন্নতা। যেমন- অর্থনৈতিক সমীক্ষা-২০২১; বাজেট ২০২১-২২, BBS, cri.org.bd; albd.org; iclds.org.bd পরীক্ষায় যেকোনোটি লিখে তার যথাযথ উৎসের নাম উল্লেখ করলেই হবে।*

১. **রপ্তানি আয়:** *[উৎস: অর্থনৈতিক সমীক্ষা-২০২১]*

| অর্থবছর | পরিমাণ (বিলিয়ন ডলার) |
|---|---|
| ২০১৬ | ৩৪.২৫ |
| ২০১৭ | ৩৪.৬৫ |
| ২০১৮ | ৩৬.৬৬ |
| ২০১৯ | ৪০.৫৩ |
| ২০২০ | ৩৩.৬৭ |
| ২০২১ (সমীক্ষা) | ৩৭.৮৮ |
| ২০২১ (রপ্তানি উন্নয়ন ব্যুরো) | ৩৮.৭৬ |




**উৎস: অর্থনৈতিক সমীক্ষা ২০২১**

২. **রেমিট্যান্স:** *[উৎস: অর্থনৈতিক সমীক্ষা-২০২১]*

| অর্থবছর | পরিমাণ (বিলিয়ন ডলার) |
|---|---|
| ২০১৬ | ১৪.৯৩ |
| ২০১৭ | ১২.৭৭ |
| ২০১৮ | ১৪.৯৮ |
| ২০১৯ | ১৬.৬১ |
| ২০২০ | ১৮.২১ |
| ২০২১ | ২৪.৭৭ |



৩. **দারিদ্র্য হ্রাস:** *[উৎস: অর্থনৈতিক সমীক্ষা-২০২১]*

| অর্থবছর | দারিদ্র্য হার | অতি দারিদ্র্য হার |
|---|---|---|
| ২০১১ | ৪০.০% | ২৫.১% |
| ২০১৭ | ৩১.৫% | ১৭.৬% |
| ২০১৮ | ২৪.৩% | ১২.১% |
| ২০১৯ | ২১.৮% | ১১.৩% |
| ২০২০ | ২০.৫% | ১০.৫% |
| ২০২১ | ২০.৫% | ১০.৫% |







৪. **বৈদেশিক মুদ্রার রিজার্ভ:** *[উৎস: বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট]*

| অর্থবছর | পরিমাণ (বিলিয়ন ডলার) |
|---|---|
| ২০১১-১২ | ১০.৩৬ |
| ২০১৫-১৬ | ৩০.১৬ |
| ২০১৮-১৯ | ৩২.৫৪ |
| ২০১৯-২০ | ৩৫.৮৫ |
| ডিসেম্বর, ২০২১ পর্যন্ত | ৪৬.১৫ |




৫. **GDP এর প্রবৃদ্ধি হার:** *[উৎস: অর্থনৈতিক সমীক্ষা-২০২১]*

| অর্থবছর | পরিমাণ |
|---|---|
| ২০১৫ | ৬.৫৪% |
| ২০১৬ | ৭.১১% |
| ২০১৭ | ৭.২৮% |
| ২০১৮ | ৭.৮৬% |
| ২০১৯ | ৮.১৫% |
| ২০২০ | ৩.৫১% |
| ২০২১ (সমীক্ষা) | **৫.৪৭%** |
| ২০২১-২২ (বাজেট) | ৭.২০% (Projected) |
| ২০২১ (বিবিএস) | ৬.৯৪% |




চিত্র: ২০১৪ থেকে ২০২১ অর্থবছর পর্যন্ত বাংলাদেশের বছরভিত্তিক জিডিপি প্রবৃদ্ধি

সূত্র: অর্থনৈতিক সমীক্ষা-২০২১

৬. **মাথাপিছু আয় বৃদ্ধি:** *[উৎস: অর্থনৈতিক সমীক্ষা-২০২১]*

| অর্থবছর | পরিমাণ (মার্কিন ডলার) |
|---|---|
| ১৯৭১ | ১২৯ |
| ২০১৬ | ১৪৬৬ |
| ২০১৭ | ১৬১০ |
| ২০১৮ | ১৭৫১ |
| ২০১৯ | ১৯০৯ |
| ২০২০ | ২০৬৪ |
| ২০২১ (সমীক্ষা) | ২২২৭ |
| ২০২১ (বিবিএস) | ২৫৯১ |




৭. **বৈদেশিক বিনিয়োগ (FDI):** *[উৎস: বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট]*

| অর্থবছর | পরিমাণ (বিলিয়ন ডলার) |
|---|---|
| ২০১৫ | ২.২৪ |
| ২০১৬ | ২.৩৩ |
| ২০১৭ | ২.১৫ |
| ২০১৮ | ৩.৬১ |
| ২০১৯ | ২.৮৭ |
| ২০২০ | ২.৫৬ (করোনা প্রেক্ষিতে স্বল্পোন্নত দেশগুলোর মধ্যে শীর্ষে) |




৮. **গড় আয়ু বৃদ্ধি:** *[উৎস: অর্থনৈতিক সমীক্ষা-২০২১]*

| সাল | গড় আয়ু (বছর) |
|---|---|
| ১৯৭২ | ৪৭ |
| ২০১৮ | ৭০.৯ |
| ২০১৯ | ৭২ |
| ২০২০ | ৭২.৬ |
| ২০২১ | ৭২.৮ |




## উৎপাদনে বাংলাদেশ

| ক্ষেত্র | অবস্থান | ক্ষেত্র | অবস্থান |
|---|---|---|---|
| ইলিশ উৎপাদনে | ১ম | সবজি উৎপাদনে | ৩য় |
| পাট রপ্তানিতে | ১ম | মাছ উৎপাদনে | ৪র্থ |
| জাহাজ ভাঙ্গা শিল্পে | ১ম | চাল উৎপাদনে | ৪র্থ |
| ফসলের জাত উদ্ভাবনে | ১ম | ছাগল উৎপাদনে | ৪র্থ |
| পাট উৎপাদনে | ২য় | আম উৎপাদনে | ৭ম |
| কাঁঠাল উৎপাদনে | ২য় | আলু উৎপাদনে | ৭ম |
| স্বাদু বা মিঠা পানির মৎস্য উৎপাদনে | ২য় | বাইসাইকেল রপ্তানিতে | ৭ম |
| তৈরি পোশাক | ৩য় | পেয়ারা উৎপাদনে | ৮ম |
| ধান উৎপাদনে | ৩য় | আউট সোর্সিং এ | ৮ম |
| জিডিপি প্রবৃদ্ধিতে | ৩য় | বৈদেশিক মুদ্রা আয় | ৮ম |

## উৎপাদনের শীর্ষ জেলাসমূহ (কৃষি পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০২১)

### শস্য উৎপাদনে দেশের শীর্ষ জেলা

| শস্যের নাম | উৎপাদনে শীর্ষ জেলা | শস্যের নাম | উৎপাদেন শীর্ষ জেলা |
|---|---|---|---|
| আনারস | টাঙ্গাইল | গোলাপ ফুল | যশোর |
| গম | ঠাকুরগাঁও | আদা ও কমলা | রাঙামাটি |
| আখ | নাটোর | নারিকেল ও তরমুজ | ভোলা |
| ভুট্টা ও লিচু | দিনাজপুর | চা | মৌলভীবাজার |
| তুলা | ঝিনাইদহ | তামাক | কুষ্টিয়া |
| কলা | নরসিংদী | সয়াবিন ও সুপারি | লক্ষ্মীপুর |
| পিয়াজ | পাবনা | পেয়ারা | পিরোজপুর |
| পাট ও মশুর | ফরিদপুর | আম | রাজশাহী |
| আলু | বগুড়া | ধান | ময়মনসিংহ |







**উৎস:** *কৃষি সম্প্রসারণ অধিদপ্তর; খাদ্য মন্ত্রণালয়; বাজেট; অর্থনৈতিক সমীক্ষা-২০২১*

### বাংলাদেশের বিগত পাঁচ বছরের অর্থনৈতিক অবস্থা

| নির্দেশক | | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২১-২২ (প্রক্ষেপণ) | ২০২০-২১ | ২০১৯-২০ | ২০১৮-১৯ | ২০১৭-১৮ | ২০১৬-১৭ | ২০০৮-০৯ |
| জিডিপি প্রবৃদ্ধির হার | (%) | ৭.২০% | ৫.৪৭% | ৩.৫১% | ৮.১৫% | ৭.৮৬% | ৭.২৮% | ৫.০৫% |
| জিডিপি | কোটি টাকা | | ৩০,১১,০৬৫ | ২৭,৯৬,৩৭৮ | ২৫,৪২,৪৮৩ | ২২,৫০,৪৭৯ | ১৯,৭৫,৮১৫ | |
| মাথাপিছু আয় | মার্কিন ডলার | | ২,২২৭ | ২০৬৪ | ১৯০৯ | ১৭৫১ | ১৬১০ | ৭০৩ |
| রপ্তানি আয় | বিলিয়ন ডলার | | ৩৭.৮৮ | ৩৩.৬৭ | ৪০.৫৩ | ৩৬.৬৭ | ৩৪.৬৬ | ১.১৬ |

Please join our Group: **Unique BCS Bank & Other Job Preparation**

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রবাসী আয় | বিলিয়ন ডলার | | ২৪.৭৭ | ১৮.২১ | ১৬.৪২ | ১৪.৯৮ | ১৩.৭৭ | ৯.৬৯ |
| এডিপি | কোটি টাকা | ২,২৫,৩২৪ | ১,৯৭,৬৪৩ | ২০২৭২১ | ১৬৭০০০ | | | |
| পোশাক রপ্তানি আয় | বিলিয়ন ডলার | | ৩১.৪৬ | ২৭.৯৫ | ৩৪.১৩ | ৩০.৬১ | ২৮.১৫ | |
| বৈদেশিক মুদ্রার রিজার্ভ | বিলিয়ন ডলার | | ৪৬.৩৯ | ৪৪ | ৩৪ | ৩২.৯২ | ৩২ | ১ |
| মূল্যস্ফিতির হার | (%) | ৫.৩% | ৫.৫৬% | ৫.৬৫% | ৫.৪৪% | ৫.৫৭% | ৫.৪৪% | |
| কৃষি খাতের অবদান | জিডিপির % | | ১৩.৪৭% | ১৩.৭৪% | ১৩.৬৫% | ১৪.২৩% | ১৪.৭৪% | ১৮% |
| শিল্প খাতের অবদান | জিডিপির % | | ৩৪.৯৯% | ৩৪.৭৮% | ৩৫.০০% | ৩৩.৬৬% | ৩২.৪২% | ২৭% |
| সেবা খাতের অবদান | জিডিপির % | | ৫১.৫৩% | ৫১.৪৮% | ৫১.৩৫% | ৫২.১১% | ৫২.৮৫% | ৫৫% |
| বাজেটের আকার | কোটি টাকা | ৬,০৩,৬৮১ | ৫,৬৮০০০ | ৫,২৩,১৯০ | ৪,৬৪,৫৭৩ | | | |
| এফডিআই (FDI) | বিলিয়ন ডলার | | ২.৫৬ | ২.৮৭ | ৩.৬১ | ২.১৫ | ২.৩৩ | |

# জলবায়ু পরিবর্তন ও পরিবেশ

## ব-দ্বীপ পরিকল্পনা ২১০০

| ক্রম | হটস্পট | জেলার সংখ্যা | আয়তন | প্রকল্প সংখ্যা | প্রকল্প ব্যয় (কোটি টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | উপকূলীয় অঞ্চল | ১৯ | ২৭,৭৩৮ বর্গ কি.মি. | ২৩ | ৮৮,৪৩৬ |
| ২ | বরেন্দ্র এবং খরা প্রবণ অঞ্চল | ১৮ | ২২,৮৪৮ বর্গ কি.মি. | ৯ | ১৬,৩১৪ |
| ৩ | হাওড় এবং আকস্মিক বন্যা অঞ্চল | ৭ | ১৬,৫৭৪ বর্গ কি.মি | ৬ | ২,৭৯৮ |
| ৪ | পার্বত্য চট্টগ্রাম | ৩ | ১৩,২৯৫ বর্গ কি.মি. | ৮ | ৫,৯৮৬ |
| ৫ | নদী অঞ্চল ও মোহনা | ২৯ | ৩৫,২০৪ বর্গ কি.মি. | ৭ | ৪৮,২৬১ |
| ৬ | নগর এলাকাসমূহ | ৭ | ১৯,৮২৩ বর্গ কি.মি. | ১২ | ৬৭,১৫২ |
| ৭ | তুলনামূলকভাবে দুর্যোগ মুক্ত অঞ্চল | ৬ | - | ১৫ | ৬৮,৮৮০ |
| মোট | | | | ৮০ | ২,৯৭,৮২৭ |

# বিদ্যুৎ ও জ্বালানি খাত

## বিদ্যুৎ উৎপাদন মহাপরিকল্পনা- ২০৪১

| সাল | ২০২১ | ২০৩০ | ২০৪১ |
|---|---|---|---|
| বিদ্যুৎ উৎপাদন (মেগাওয়াট) | ২৪,০০০ (অর্জিত) | ৪০,০০০ | ৬০,০০০ |

**এক নজরে বিদ্যুৎ খাত:**

**বিদ্যুৎ খাতের অভাবনীয় উন্নতির তুলনামূলক চিত্রঃ**

| ক্রঃ নং | নির্দেশক | ২০০৯ | ২০২২ |
|---|---|---|---|
| ১. | বিদ্যুৎ কেন্দ্রের সংখ্যা | ২৭ | ১৪৮ |
| ২. | বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা (MW) | ৪৯৪২ | ২৫,২৮৪ (ক্যাপটিভ ও নবায়নযোগ্যসহ) |
| ৩. | সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী | ৪৭% | ৯৯.৮৫% |
| ৪. | মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন (কি.ও.ঘ.) | ২২০ | ৫৬০ |
| ৫. | বিদ্যুৎ গ্রাহক সংখ্যা | ১ কোটি ৮ লাখ | ৪ কোটি ১৯ লাখ |
| ৬. | ADP তে বরাদ্দ (কোটি) | ২,৬৭৭ | ২৮,০৫৬ (২০২১-২২) |
| ৭. | বিতরণ সিস্টেম লস (%) | ১৪.৩৩ | ৮.৪৮ |

*সর্বশেষ আপডেট- ১০ মার্চ, ২০২২;* ***উৎস:*** *বিদ্যুৎ বিভাগ*






# অর্থনৈতিক সমীক্ষা-২০২১ঃ বাংলাদেশের আর্থ-সামাজিক নির্দেশকসমূহ

| | | | |
|---|---|---|---|
| **জনসংখ্যাভিত্তিক পরিসংখ্যান** | | | |
| জনসংখ্যা (মিলিয়ন) ২০০১ (শুমারি) | ১৩০.০ | জনসংখ্যা (মিলিয়ন) ২০১১ (শুমারি) | ১৫১.৭ |
| জনসংখ্যা (মিলিয়ন) ২০১৬ (প্রাক্কলিত, ১ জুলাই) | ১৬০.৮ | জনসংখ্যা (মিলিয়ন) ২০২০ (প্রাক্কলিত, ১ জুলাই) | ১৬৮.২ |
| জনসংখ্যা বৃদ্ধির স্বাভাবিক হার (শতকরা), ২০২০ | ১.৩৭ | জনসংখ্যার ঘনত্ব/বর্গ কিলোমিটার, ২০২০ | ১,১৪০ |
| পুরুষ-মহিলা অনুপাত, ২০২০ | ১০০.২ | | |
| **মৌলিক জনমিতিক পরিসংখ্যান** | | | |
| স্থূল জন্ম হার (প্রতি হাজার জনসংখ্যা), ২০২০ | ১৮.১ | স্থূল মৃত্যু হার (প্রতি হাজার জনসংখ্যা), ২০২০ | ৫.১ |
| শিশু মৃত্যু হার (প্রতি হাজার জীবিত জন্মে), ২০২০ (এক বছরের কম) | ২১ | জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের হার (%), ২০২০ | ৬৩.৯ |
| মোট প্রজনন হার (প্রতি ১৫-৪৯ বৎসর বয়সী মহিলা), ২০২০ | ২.০৪ | প্রত্যাশিত আয়ুষ্কাল (বছর), ২০২০ মোট | ৭২.৮ |
| | | পুরুষ | ৭১.২ |
| | | মহিলা | ৭৪.৫ |
| **স্বাস্থ্য ও সামাজিক সেবা** | | | |
| ডাক্তার ও জনসংখ্যার অনুপাত ২০১৮ | ১ : ১৭২৪ | | |
| সুপেয় পানি গ্রহণকারী (%), ২০২০ | ৯৮.৩ | স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারকারী (%), ২০২০ | ৮১.৫ |
| সাক্ষরতার হার (৭ বছর +), (%), ২০২০ | ৭৫.২ | পুরুষ | ৭৭.৪ |
| | | মহিলা | ৭২.৯ |
| **শ্রমশক্তি ও কর্মসংস্থান** | | | |
| লেবার ফোর্স সার্ভে ২০১৬-১৭<br>মোট শ্রমশক্তি (১৫ বছর +), (কোটি) | ৬.৩৫ | পুরুষ | ৪.৩৫ |
| | | মহিলা | ২.০০ |
| মোট শ্রমশক্তির শতকরা হার হিসেবে | | কৃষি | ৪০.৬ |
| | | শিল্প | ২০.৪ |
| | | সেবা | ৩৯.০ |
| **দারিদ্র্য পরিস্থিতি, ২০১৮-১৯ (প্রাক্কলিত)** | | | |
| দারিদ্র্যের হার (%) | ২০.৫ | চরম দারিদ্যের হার (%) | ১০.৫ |
| **মোট দেশজ উৎপাদন (জিডিপি), ২০২০-২১ (সাময়িক)** | | | |
| চলতি মূল্যে জিডিপি (কোটি টাকা) | ৩০,১১,০৬৫ | স্থির মূল্যে জিডিপি (কোটি টাকা) | ১২,০৭,২৪৬ |
| স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার (শতকরা) | ৫.৪৭ | | |
| চলতি মূল্যে মাথাপিছু জাতীয় আয় (মার্কিন ডলার) | ২,২২৭ | চলতি মূল্যে মাথাপিছু জিডিপি (মার্কিন ডলার) | ২,০৯৭ |
| **সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র %), ২০২০-২১ (সাময়িক)** | | | |
| দেশজ সঞ্চয় | ২৪.১৭ | জাতীয় সঞ্চয় | ৩০.৩৯ |
| মোট বিনিয়োগ | ২৯.৯২ | সরকারি | ৮.৬৭ |
| | | বেসরকারি | ২১.২৫ |
| মূল্যস্ফীতি (%) | | সাধারণ | ৫.৫৬ |
| | | খাদ্য | ৫.৭৩ |
| | | খাদ্য-বর্হিভূত | ৫.২৯ |
| **বৈদেশিক লেনদেন ভারসাম্য, ২০২০-২১, সাময়িক (মিলিয়ন মার্কিন ডলার)** | | | |
| রপ্তানি আয়, এফওবি | ৩৭,৮৮২ | আমদানি ব্যয়, এফওবি | ৬০,৬৮১ |
| চলতি হিসাবের ভারসাম্য | (-) ৩,৮০৮ | সার্বিক ভারসাম্য | ৯,২৭৪ |

| | | | |
|---|---|---|---|
| প্রবাসীদের প্রেরিত অর্থ | ২৪,৭৭৮ | বৈদেশিক মুদ্রার মজুদ (৩০ জুন' ২০২১) | ৪৬,৩৯১ |
| আর্থিক পরিসংখ্যান (ফেব্রুয়ারি ২০২১) | | | |
| মোট ব্যাংকের সংখ্যা | | ৬১ | |
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক | ৬ | বিশেষায়িত ব্যাংক | ৩ |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক | ৪৩ | বৈদেশিক ব্যাংক | ৯ |
| আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান) | | ৩৪ | |
| অর্থ সরবরাহ স্থিতি (কোটি টাকায়), ২০২০-২১, মে ২০২১ শেষে | | সংকীর্ণ অর্থ (এম-১) | ৩,৫৩,৫০৯ |
| | | রিজার্ভ মুদ্রা | ৩,২৭,৮৫৩ |
| | | ব্যাপক অর্থ (এম-২) | ১৫,২৬,২৭৫ |

## বাজেট ২০২১-২২

| | |
|---|---|
| বাজেট | ৫০ তম (একটি অন্তবর্তীকালীন বাজেট সহ মোট ৫১ তম)। |
| স্লোগান | 'জীবন-জীবিকায় প্রাধান্য দিয়ে সুদৃঢ় আগামীর পথে বাংলাদেশ'। |
| উত্থাপনকারী | আ.হ.ম মোস্তফা কামাল (অর্থমন্ত্রী) [৩য় বারের মতো]। {আওয়ামী লীগ সরকারের টানা ১৩তম বাজেট} |
| বাজেট উপস্থাপন | ৩ জুন, ২০২১ [ সংসদে পাস হবে – ৩০ জুন, ২০২১ এবং কার্যকর হবে – ১ জুলাই ২০২১ থেকে]। |
| বাজেটের আকার | ৬ লক্ষ ৩ হাজার ৬৮১ কোটি টাকা (৬,০৩,৬৮১ কোটি) টাকা [ জিডিপির ১৭.৫%]। |
| রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা | সামগ্রিক আয়- ৩ লাখ ৯২ হাজার ৪৯০ কোটি টাকা (জিডিপি'র ১১.৪%)<br>রাজস্ব প্রাপ্তিঃ ৩ লক্ষ ৮৯ হাজার কোটি টাকা<br>বৈদেশি অনুদানঃ ৩ হাজার ৪৯০ কোটি টাকা |
| বাজেট ঘাটতি | সামগ্রিক ঘাটতি (অনুদানসহ)- ২ লক্ষ ১১ হাজার ১৯১ কোটি টাকা<br>সামগ্রিক ঘাটতি (অনুদান ছাড়া)- ২ লক্ষ ১৪ হাজার ৬৮১ কোটি টাকা |
| ঋণ | বৈদেশিক ঋণ- ৯৭,৭৩৮ কোটি টাকা এবং অভ্যন্তরীণ ঋণ- ১,১৩,৪৫৩ কোটি টাকা |
| সর্বোচ্চ বরাদ্দ | সর্বোচ্চ বরাদ্দ- সামাজিক অবকাঠামো খাতে ১ লাখ ৭০ হাজার ৫১০ কোটি টাকা<br>২য় সর্বোচ্চ বরাদ্দ- মানবসম্পদ খাতে ১ লাখ ৫৫ হাজার ৮৪৭ কোটি টাকা। |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) তে বরাদ্দ | মোট এডিপি (ADP)- ২ লক্ষ ২৫ হাজার ৩২৪ কোটি টাকা<br>মোট উন্নয়ন ব্যয়- ২ লাখ ৩৭ হাজার ৭৮ কোটি টাকা |
| জিডিপির আকার | ৩৪ লক্ষ ৫৬ হাজার ৪০ কোটি টাকা |
| প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা | ৭.২০% (বিগত বছর প্রবৃদ্ধি ছিল→ ৬.১%)। |
| মুদ্রাস্ফিতির হার | ৫.৩%। |
| করোনা মোকাবিলায় বরাদ্দ | করোনায় বরাদ্দ ১০ হাজার কোটি টাকা। |
| সামাজিক নিরাপত্তা খাতে বরাদ্দ | এক লাখ সাত হাজার ৬১৪ কোটি টাকা (১,০৭,৬১৪ কোটি টাকা)। |
| শিক্ষা খাতে বরাদ্দ | শিক্ষা খাতে বরাদ্দ রাখা হয়েছে ৭১ হাজার ৯৫৩ কোটি টাকা। |
| স্বাস্থ্যখাতে বরাদ্দ | স্বাস্থ্য খাতে বরাদ্দ দেওয়া হচ্ছে ৩২ হাজার ৭৩১ কোটি টাকা। |
| করমুক্ত আয়সীমা | ✓ পুরুষ → ৩ লাখ টাকা।<br>✓ মহিলা → ৩ লাখ ৫০ হাজার টাকা।<br>✓ প্রতিবন্ধী- ৪ লক্ষ ৫০ হাজার টাকা।<br>✓ যোদ্ধাহত মুক্তিযোদ্ধা- ৪ লক্ষ ৭৫ হাজার টাকা।<br>(পুরুষ ও মহিলা উভয়ের ক্ষেত্রে পরবর্তী ১ লাখ টাকা পর্যন্ত মোট আয়ের ওপর কর ধরা হয়েছে ৫%)।<br>ব্যক্তিগত ন্যূনতম আয়করঃ-<br>✓ ঢাকা উত্তর ও দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনে- ৫০০০ টাকা<br>✓ অন্যান্য সিটি কর্পোরেশনে- ৪০০০ টাকা<br>✓ অন্যান্য সব পর্যায়ে- ৩০০০ টাকা |

**তথ্যভান্ডারে বাজেট:**

- বিশ্বের প্রথম বাজেট পেশ করা হয়- ১৭৭৩ সালে যুক্তরাজ্যে।
- দেশে প্রথম বাজেট পেশ করা হয়- ১৯৭২ সালের ৩০ জুন।

- প্রথম বাজেট পেশ করেন- তাজউদ্দিন আহমেদ।
- বাংলাদেশের হয়ে সর্বাধিক বাজেট পেশ করেন- সাইফুর রহমান ও আবুল মাল আব্দুল মুহিত (১২বার)।



বর্তমান বাজেট পেশ করেন অর্থমন্ত্রী মোস্তফা কামাল।



বাংলাদেশের হয়ে সর্বাধিক বাজেট পেশ করেন আবুল মাল আবদুল মুহিত ও সাইফুর রহমান (১২বার)।



তাজউদ্দিন আহমদে প্রথম বাজেট পেশ করেন ৩০ জুন, ১৯৭২ সালে। (৭৮৬ কোটি টাকা)

## বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী

























**প্রবাসী আয় অর্জনে বিশ্বে ৭ম**



















































# বিশ্ব ঐতিহ্য

➲ বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক পণ্য (৯টি) [WIPO বিশ্বে Geographical Indicator-GI পণ্যের স্বীকৃতি দিয়ে থাকে]

| ক্রম | ভৌগোলিক নির্দেশক পণ্য (GI) | স্বীকৃতির ক্রম | ভৌগোলিক নির্দেশক পণ্য (GI) |
|---|---|---|---|
| ১ম | জামদানি | বাংলাদেশের প্রথম ভৌগোলিক নির্দেশক পণ্য (স্বীকৃতি পায় ১৭ নভেম্বর, ২০১৬) | |
| ২য় | ইলিশ মাছ | ৭ম | দিনাজপুরের কালিজিরা |
| ৩য় | চাপাইনবাবগঞ্জের ক্ষীরষাপাতি আম | ৮ম | দিনাজপুরের কাটারিভোগ চাল |
| ৪র্থ | ঢাকাই মসলিন | ৯ম | বিজয়পুরের সাদা মাটি |
| ৫ম | রাজশাহী সিল্ক | ১০ম | রাজশাহীর ফজলি আম |
| ৬ষ্ঠ | রংপুরের শতরঞ্জি | ১১তম | বাগদা চিংড়ি |

Please join our Group: **Unique BCS Bank & Other Job Preparation**

**➲ বাংলাদেশের অধরা সংস্কৃতি (৪টি) [UNESCO বিশ্বে সাংস্কৃতিক ঐতিহ্যের/Intangible Cultural Heritage স্বীকৃতি দিয়ে থাকে]**

| ক্রম | অধরা সংস্কৃতি | সাল | ক্রম | অধরা সংস্কৃতি | সাল |
|---|---|---|---|---|---|
| ১ম | বাউল গান (মানবতার ধারক হিসেবে) | ২০০৫ সাল | ৩য় | মঙ্গল শোভাযাত্রা | ২০১৬ সাল |
| ২য় | জামদানি | ২০১৩ সাল | ৪র্থ | শীতলপাটি (ইনটেনজিবল কালচারাল হেরিটেজ অফ হিউমিনিটি হিসেবে) | ২০১৭ সাল |

**➲ ইউনেস্কো কর্তৃক স্বীকৃতি স্থানসমূহ (৩টি) ও রামসা কর্তৃক স্বীকৃতি জলাশয়সমূহ (২টি)**

| ইউনেস্কো ঘোষিত বিশ্ব ঐতিহ্য | ক্রম | সাল | রামসার ঘোষিত জলাশয় | সাল |
|---|---|---|---|---|
| ১. ষাট গম্বুজ মসজিদ (বাংলাদেশ থেকে প্রথম UNESCO স্বীকৃত) | ৩২১ তম | ১৯৮৫ সাল | ১. সুন্দরবন | ১৯৯২ সাল |
| ২. সোমপুর বিহার, পাহাড়পুর | ৩২২তম | ১৯৮৫ সাল | ২. টাঙ্গুয়ার হাওড় *[38th BCS]* | ২০০০ সাল |
| ৩. সুন্দরবন | ৭৯৮ তম | ১৯৯৭ সাল | ৩. হাকালুকি হাওড় (প্রস্তাবিত) | |

- ২০১৭ সালের ৩০ অক্টোবর বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে International Documentary Heritage হিসেবে USESCO-এর Memory of the International Register এর অন্তর্ভুক্ত হওয়া ৭৮টি ভাষণের মধ্যে ***৪৮তম দলিল*** হিসেবে স্বীকৃতি দেয়।

## প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১/ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা




| | ২০২০ সাল | ২০৩১ সাল | ২০৪১ সাল |
|---|---|---|---|
| জিডিপি প্রবৃদ্ধি | ৮.২% | ৯.০% | ৯.৯% |
| চরম দারিদ্র্য | ১০.৫% | ২.৩% | ০% |
| দারিদ্র্য | ২০.৫% | ৭.০% | < ০% |
| বিনিয়োগের হার | ৩১.৮% | | ৪৬.৯% |
| কর-জিডিপি | ৯% | | ১৭% |

| প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) | ২০২১ | | ২০৪১ |
|---|---|---|---|
| | ২,২২৭ মার্কিন ডলার | মাথাপিছু আয় | ১২,৫০০ মার্কিন ডলার |
| | ৩৮.৭৬ বিলিয়ন ডলার | রপ্তানি আয় | ৩০০ বিলিয়ন ডলার |
| | ৭২.৮ বছর | গড় আয়ু | ৮০ বছর |
| | ৭৫.২% | সাক্ষরতার হার | ১০০% |

**অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার কিছু অর্থনৈতিক সূচকের প্রক্ষেপণ:**

| | | |
|---|---|---|
| ক. | জিডিপির প্রবৃদ্ধি | বছরে গড় জিডিপির প্রবৃদ্ধি হবে ৮ শতাংশ হারে ও মেয়াদান্তে হবে ৮.৫১ শতাংশ। |
| খ. | দারিদ্র্যের হার | মেয়াদান্তে দারিদ্র্যের হার ১৫.৬ শতাংশে ও অতি দারিদ্র্যের হার ৭.৪ শতাংশে দাঁড়াবে। |
| গ. | কর্মসংস্থান | কর্মসংস্থান সৃষ্টি হবে ১১.৩৩ মিলিয়ন, যার মধ্যে বৈদেশিক কর্মসংস্থান হবে ৩.২৫ মিলিয়ন এবং শ্রমবাজারে যুক্ত হবে ৭.৮১ মিলিয়ন শ্রমশক্তি। |
| ঘ. | কর-জিডিপি'র অনুপাত | কর-জিডিপি'র অনুপাত ১২.৩ শতাংশ। |
| ঙ. | প্রত্যাশিত গড় আয়ু | মেয়াদান্তে প্রত্যাশিত গড় আয়ু হবে ৭৪ বছর। |
| চ. | বিদ্যুতের আওতাভুক্ত | ২০২১ সালের মধ্যে শতভাগ জনগণকে বিদ্যুৎ সেবার আওতায় আনা এবং মেয়াদান্তে ৩০ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করা হবে। |

## বিশ্বব্যাংকের নতুন শ্রেণীবিন্যাস ও সূচক

১ জুলাই ২০২০ বিশ্বব্যাংকের ওয়েবসাইটে প্রকাশিত হয় 'New World Bank Country Classification by Income Level: 2020-21' শীর্ষক প্রতিবেদন। এতে কয়েকটি ক্যাটাগরিতে (সূচকে) বিভিন্ন দেশের অর্থনৈতিক অগ্রগতি পর্যালোচনা করা হয়।

| ক্যাটাগরি | শীর্ষ দেশ | সর্বনিম্ন দেশ | বাংলাদেশের অবস্থান |
|---|---|---|---|
| GDP | যুক্তরাষ্ট্র | টুভ্যালু | **৪১তম** |
| PPP'র ভিত্তিতে GDP | চীন | টুভ্যালু | **৩০তম** |
| মাথাপিছু আয়' | সুইজারল্যান্ড | বুরুন্ডি | **১৪৭তম** |
| PPP'র ভিত্তিতে মাথাপিছু আয় | ম্যাকাও | বুরুন্ডি | **১৪৫তম** |
| জাতীয় আয় (GNI) | যুক্তরাষ্ট্র | টুভ্যালু | **৪০তম** |

# বিগত বছরের রচনা প্রশ্নসমূহ (৩৫তম-৪১তম)

| বাংলা | English |
|---|---|
| **৪১তম বিসিএস** | |
| ১। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুনঃ<br>ক) মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে<br>খ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য ও পর্যটনস্থান<br>গ) সংক্রামক রোগ ও জনসচেতনতা<br>ঘ) নারীর ক্ষমতায়ন ও বাংলাদেশ<br>ঙ) বৃদ্ধাশ্রম | 1. Write an essay in about 1000 words on any one of the following topics:<br>(a) Bangladesh's Graduation to a Middle-Income Country: Prospects and Challenges<br>(b) The Impact of the Language Movement on the Liberation War 1971<br>(c) Social Media and Teenage Depression. |
| **৪০তম বিসিএস** | |
| ১। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুনঃ<br>(ক) উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ<br>(খ) একজন মহিয়সী নারী<br>(গ) বাংলাদেশের পোশাক শিল্প<br>(ঘ) মুক্তিযুদ্ধের চেতনা ও রাষ্ট্রীয় অঙ্গীকার<br>(ঙ) বাঙালির ঐতিহ্য ও কৃষ্টি | 1. Write an essay in about 1000 words on any one of the following topics:<br>(a) Literature and Society<br>(b) Democracy and Good Governance<br>(c) Corruption: The Invincible Monster |
| **৩৮তম বিসিএস** | |
| ১। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুনঃ<br>(ক) বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম<br>(খ) বাংলাদেশের পোশাক শিল্প<br>(গ) পরিবেশ দুষণ ও তার প্রতিকার<br>(ঘ) রোহিঙ্গা সমস্যা ও সমাধান<br>(ঙ) স্বদেশ প্রেম | 1. Write an essay in about 1000 words on any one of the following topics:<br>(a) The Rohingyas: victims of Genocide<br>(b) Blue Economy in Bangladesh: Prospects and Challenges<br>(c) Impact of Social Media on Young Generation |
| **৩৭তম বিসিএস** | |
| ১। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুনঃ<br>(ক) মানবসম্পদ<br>(খ) বাংলাদেশের নগরায়ন<br>(গ) সাইবার অপরাধ<br>(ঘ) মুক্তিযুদ্ধ জাদুঘর<br>(ঙ) চিত্ত যেথা ভয়শূন্য উচ্চ যেথা শির। | 1. Write an essay in about 1000 words on any one of the following topics:<br>(a) Importance of protecting our environment<br>(b) Problems and prospects of handicraft sector in Bangladesh<br>(c) Bengali New Year Festival |
| **৩৬তম বিসিএস** | |
| ১। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুনঃ<br>(ক) বাংলাদেশের প্রাচীন ঐতিহ্য।<br>(খ) জাতীয় উন্নয়নে মুক্তিযুদ্ধের চেতনা।<br>(গ) শিস্টাচার ও সৌন্দর্য<br>(ঘ) বাংলাদেশে পরিবেশ বিপর্যয় ও তার প্রতিকার<br>(ঙ) নারী উন্নয়ন | 1. Write an essay in about 1000 words on any one of the following topics:<br>(a) Development activities in Bangladesh<br>(b) Global climate crisis<br>(c) Bangladeshi culture |
| **৩৫তম বিসিএস** | |
| ১। যে কোনো একটি বিষয়ে প্রবস্ধ রচনা করুনঃ-<br>(ক) দেশাত্মবোধ;<br>(খ) বাংলাদেশের পর্যটন শিল্প;<br>(গ) বার্ধক্য ও বৃদ্ধাশ্রম;<br>(ঘ) সড়ক দুর্ঘটনা;<br>(ঙ) যেদিন সবকিছু গোলমেলে। | 1. Write an essay in about 1000 words on any one of the following topics: -<br>(a) The Rise of Religious Extremism as a Global Threat;<br>(b) Nature Vs Nurture;<br>(c) How I See Myself 10 Years from Now |